

নলছিটিতে শিক্ষা কর্মকর্তার দুর্নীতির অভিযোগ তদন্তকালে সন্ত্রাসীদের হাতে ৮ শিক্ষক লাঞ্চিত

নলছিটি প্রতিনিধি

উপজেলা শিক্ষা কর্মকর্তা সশীল কুমার সরকারের বিরুদ্ধে উত্থাপিত বিভিন্ন অনিয়ম-দুর্নীতির অভিযোগ তদন্তকালে গত ১৭ এপ্রিল তার ভাড়াটিয়া সন্ত্রাসী বাহিনীর হাতে ৮ জন শিক্ষক এবং বিদ্যালয় পরিচালনা কমিটির দুই সদস্য লাঞ্চিত হয়েছেন। ঘটনার পর থেকে শিক্ষা কর্মকর্তা গা ঢাকা দিয়েছে।

জানা গেছে, উপজেলা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে উত্থাপিত দুর্নীতির অভিযোগের ব্যাপারে শিক্ষা অধিদফতরের মহাপরিচালক পিরোজপুরের ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার তদন্তের নির্দেশ দেন। সে মতো জেলা শিক্ষা

অফিসার আবদুল গফুর শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে তদন্তের জন্য উপস্থিত হন। এ সময় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক ও কমিটির সদস্যরাও উপস্থিত ছিলেন। তখন শিক্ষা কর্মকর্তার ভাড়াটে সন্ত্রাসী বাহিনী এসে অভিযোগকারীদের ওপর হামলা চালায় এবং লাঞ্চিত করে। সন্ত্রাসী বাহিনীর হামলার শিকার হন বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয় কমিটির সহ-সভাপতি তাজুল ইসলাম চৌধুরী, প্রধান শিক্ষক এবিএম হারুন-অর-রশিদ, সাবেক প্রধান শিক্ষক চেরাগ আলী মিয়া, শিক্ষক মোঃ ছালাহ উদ্দিন, আলতাফ হোসেন চৌধুরী, আঃ রাজ্জাক, নাসির উদ্দিন, আক্তারুজ্জামান, আঃ ছত্তার তালুকদার ও আঃ হক মিয়া। তদন্তকারী কর্মকর্তা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করেন। ঘটনার পরপরই সশীল কুমার গা-ঢাকা দেয়, এ ব্যাপারে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকরা ও কমিটির সদস্যরা বরিশাল বিভাগীয় শিক্ষা কর্মকর্তার কাছে অভিযোগ দায়ের করেন। সহকারী পরিচালক শিক্ষা বিভাগ বরিশাল নুরুল আমিন জানান, এ ঘটনার ব্যাপারে বিভাগীয় পর্যায়ে তদন্তের মাধ্যমে ১৫ দিনের মধ্যে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এদিকে সন্ত্রাসীদের হাতে ১০ জন লাঞ্চিত হওয়ায় বিভিন্ন মহল নিন্দা জানিয়েছে। তারা শিক্ষা কর্মকর্তা সশীল কুমার সরকারের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে।